উপজেলা এনজিও সমন্বয় কমিটির জানুয়ারি/২০২০ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : এস এম জামাল আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

তারিখ : ২৭ জানুয়ারি ' ২০২০ খ্রিঃ ।

সময় : বিকাল ১০:০০ ঘটিকা ।

স্হান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, সাঁথিয়া, পাবনা।

(সভায় উপস্থিতিদের হাজিরা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)

সভায় উপস্হিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। তিনি এ উপজেলার আর্থ-সামাজিক উন্নয়নকে সরকারি প্রতিষ্ঠান ও এনজিওসমূহের মধ্যে সহযোগিতার মাধ্যমে বেগবান করার আহ্বান জানান। গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান হয়। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

সভার শুরুতে প্রাপ্ত প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। তিনি জানান যে, সমাজের হত-দরিদ্র/ বেকার মানুষকে আর্থ-সামাজিক সহায়তা প্রদান ঋণ প্রদান, পরামর্শ প্রদান, প্রশিক্ষণ প্রদান, সেমিনার ও বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রমের মাধ্যমে তাদের ভাগ্যের পরিবর্তন ঘটিয়ে স্বাবলম্বি করাই মূলত বেসরকারি সংস্থাসমূহ(এনজিও) এর উদ্দেশ্য ও লক্ষ্য। তিনি আশা প্রকাশ করেন যে, এনজিও'র প্রতিনিধিগণ সততা, দক্ষতা , আন্তরিকতা ও নিষ্ঠার সাথে অত্র সাঁথিয়া উপজেলায় সমজের হত-দরিদ্র/বেকার মানুষকে আর্থ সামাজিক উন্নয়ন ঘটায়ে সে লক্ষ্য ও উদ্দেশ্য পূর্ণ করবেন। রুডো এবং সাঁথিয়া ফাউন্ডেশন এর সমন্বয়ে 'হাইজিন কর্ণার' স্থাপনে পুনঃ প্রস্তব গৃহিত হয়। বিভিন্ন এনজিও'র নিয়মিত কার্যক্রমের উপর নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর প্রতিটি প্রতিষ্ঠানের কাজের অগ্রগতি উপস্থাপন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

২.১ **সিসিডিবি , সাঁথিয়া, পাবনা** : সংস্থার প্রতিনিধি সভায় জানান যে, সংস্থাটির ১৯০০ পবিরারের ১৯০০ জন সদস্য নিয়ে সিসিডিবি'র সহযোগিতাপুষ্ট ১৯ টি ফোরাম রয়েছে। সিসিডিবি এর প্রতিনিধি সভায় জানান যে, সাঁথিয়া উপজেলায় নন্দনপুরে ০৭ টি, আর-আতাইকুলা ইউনিয়নে ০৬ টি, ক্ষেতুপাড়া ইউনিয়নে ০৪ টি, ভুলবাড়ীয়া ইউনিয়নে ০২ টি এ চারটি ইউনিয়নে প্রায় ১৯০০ টি পরিবারের ১৯০০ জন সদস্য নিযে সিসিডিবি এর সহযোগিতাপুসষ্ট ১৯ টি ফোরাম রয়েছে। সমিতির সদস্যরা সঞ্চয় করেন।

২.২ **দিগন্ত সমাজ কল্যাণ সমিতি, সাঁথিয়া, পাবনা** : সংস্থার প্রতিনিধি সভায় জানান যে, সংস্থাটি কর্তৃক লাইভলীহুড ক্যাপাসিটি বিল্ডিং অন রিসোর্স পুওর ক্লাইমেট ভিকটিম ইন পাবনা,তাঁতি মহিলা উন্নয়ন প্রকল্প, ভিজিডি প্রকল্প, এ্যাতার ওমেন অন জেন্ডার ইস্যু ইন ডইজ এরিয়া প্রকল্প, মাতৃত্ব সেবা, স্বাস্থ্য ও স্যানিটেশন বিতরণ, এইচ আইভি এইড্স প্রোগ্রাম, স্বাস্থ্য সচেতনামূলক সভা, উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচি, প্রাক্ প্রথমিক বিদ্যালয়, সঞ্চয় আহরণ, পরিবার পরিকল্পনা, স্বাস্থ্য সেবা ও পুষ্টি প্রকল্প, সেলাই ও হস্তশিল্প প্রশিক্ষণ, শিক্ষা প্রোগ্রাম, প্রতিবন্ধি উন্নয়ন প্রকল্প, সামাজিক বনায়ন ও বৃক্ষ রোপন কর্মসূচি, মৎস্য চাষ প্রকল্প, চলমান রয়েছে ।

২.৩ **বোয়াইলমারী ছায়ানীর মহিলা সমিতি, সাঁথিয়া, পাবনা**: সংস্থার প্রতিনিধি সভায় জানান যে, সংস্থাটি কর্তৃক গ্রামীণ দরিদ্র নারী, দুঃস্থ মহিলাদের সেলাই প্রশিক্ষণসহ সেলাই কাজের মাধ্যমে সেবা প্রদাণ করা হচ্ছে। বয়স্ক শিক্ষার মাধ্যমে সাক্ষরতা বাড়ানো হয়। এ ছাড়াও অসহায় মহিলাদের স্বাস্থ্যসেবা হিসেবে খাবার সেলাইন সরবরাহ করা হয়। হাঁস-মুরগী ও ছাগল পালনে সহায়তা প্রদাণ করা হয়।

২.৪ **পদক্ষেপ বাংলাদেশ, সাঁথিয়া, পাবনা** : সংস্থার প্রতিনিধি সভায় জানান যে, সংস্থাটি কর্তৃক সেলাই প্রশিক্ষণ কার্যক্রম কর্মসূচি চলমান রয়েছে।

২.৫ **সাজেদা ফাউন্ডেশন, সাঁথিয়া, পাবনা** : সংস্থার প্রতিনিধি সভায় জানান যে, সংস্থাটি কর্তৃক ঋণ কর্মসূচির আওতায় সূচনা, বুনিয়াদ, জাইকা, বিবর্তন, নিরাপত্তা কর্মসূচির আওতায় স্বাস্থ্য সুবিধা প্রদান, দুর্যোগে সুবিধা প্রদান , শিক্ষা বৃত্তি প্রদান, জীবন বীমা প্রদান চলমান রয়েছে ।

২.৬ **আশা, সাঁথিয়া,পাবনা** : সংস্থার প্রতিনিধি সভায় জানান যে, সংস্থাটি কর্তৃক ক্ষুদ্র ঋণ কার্যক্রম, মেয়াদী ঋণ কার্যক্রম, বিশেষ ঋণ কর্মসূচি, স্বাস্থ্য সেবা , স্বাস্থ্য সম্মত লেট্রিণ স্থাপন কর্মসূচি, সদস্যদের মৃত্যু বীমা দাবীপূরণ কর্মসূচি চলমান রয়েছে ।

২.৭ **জাগরণী চক্র ফাউন্ডেশন** : সংস্থার প্রতিনিধি সভায় জানান যে, সংস্থাটি কর্তৃক গ্রামীণ ক্ষুদ্র ঋণ/নগর ঋণ কর্মসূচির এর মাধ্যমে ঋণ প্রদান করা হয়। এছাড়াও গাভী প্রতিপালনে সহায়তা প্রদান করা হয়।

২.৮ **পল্লী একতা উন্নয়ন সংস্থা** : সংস্থাটির প্রতিনিধি জানান যে, সংস্থাটি কর্তৃক পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য সেবা হাসপাতাল , মাতৃত্বকালীন ভাতা প্রদান প্রশিক্ষণ কর্মসূচি, প্রতিবন্ধি স্কুল পরিচালনা, রুডো পাঠশালা, বয়স্ক শিক্ষা কেন্দ্র, কীটনাশক মুক্ত ফসল উৎপাদন, কম্পোষ্ট সার তৈরি প্রশিক্ষণ, স্বাস্থ্য সেবা ও পরিবার পরিকল্পনা কার্যক্রম, সমন্বিত স্বাস্থ্য সেবা চেইন প্রকল্প,উপজেলা পর্যায়ে মহিলাদরে জন্য আয় বর্ধক, প্রশিক্ষণ প্রকল্প, আইনি সহায়তা , বিল-চাপড়ী আদর্শ গ্রাম, চেতনায়ন ও অধিকার শীর্ষক কর্মসূচি চলমান রয়েছে।

২.৯ **টিএমএসএস** : সংস্থার প্রতিনিধি সভায় জানান যে, সংস্থাটি কর্তৃক ক্ষুদ্র ঋন কার্যক্রম, শিক্ষা ও গণচেতনা এবং স্বাস্থ্য সেবা কার্যক্রম চলমান রয়েছে।

২.১০ **উত্তরায়ন জনকল্যাণ মহিলা সমিতি, সাঁথিয়া, পাবনা** : সংস্থার প্রতিনিধি সভায় জানান যে, সংস্থাটির কর্তৃক, ক্ষুদ্রঋণ কর্মসূচীর আওতায় সুবিধাভোগীর সংখ্যা ২৮০ জন।

২.১১ **ব্যুরো বাংলাদেশ** : সংস্থার প্রতিনিধি সভায় জানান যে, সংস্থাটির কর্তৃক ক্ষুদ্র ঋণ প্রকল্প, রেমিটেন্স প্রকল্প এবং এএমই ঋণ প্রকল্প চলমান রয়েছে ।

২.১২ **অনন্য সমাজ কল্যাণ সংস্থা** : সংস্থার প্রতিনিধি সভায় জানান যে, সংস্থাটির কর্তৃক ০৭ টি ইউনিয়নে ও ২৫ টি গ্রামে ১৫৬৭ জন সদস্যের মাঝে ক্ষুদ্র ঋণ ও সঞ্চয় কার্যক্রম চলমান।

২.১৩ **কর্ণফুলী সমাজ কল্যাণ সংস্থা, সাঁথিয়া, পাবনা** : সংস্থাটির প্রতিনিধি জানান যে, স্বাস্থ্য পুষ্টি, পরিবার পরিকল্পনা, জনসংখ্যা বিষয়ক কর্মসূচি, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত নেটওয়ার্কিং কর্মসূচির আওতায় বেকার যুবক ও যুব মহিলাদের কে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণ কর্মসূচি, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত দরিদ্র মায়ের জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচি, গর্ভবতী মায়েদের প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণ কর্মসূচী , ব্রতীর সহযোগিতায় নির্বাচন পর্যবেক্ষণ ও সুশাসন কর্মসূচি,, হাঁস-মুরগী পালন প্রকল্প, এবং প্রাথমিক ও গণশিক্ষা কমূসূচি চলমান আছে।

২.১৪ **কেয়ার বাংলাদেশ, সাঁথিয়া, পাবনা** : সংস্থাটির প্রতিনিধি জানান যে, মাইক্রোফাঞ্চাইচিজ কার্যক্রম, উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি, গুনগত পণ্য ও সেবা সরবরাহ, সরবরাহকারীদের সাথে যোগাযোগ, পশু খামারীদের সচেতনা বৃদ্ধির মাধ্যমে টেকসই অর্থনৈতিক উন্নয়ন নিয়ে কাজ চলমান।

২.১৫ **সোসাইসি ফর সোসাল সার্ভিস(এসএস এস)** : সংস্থাটির প্রতিনিধি জানান যে, ক্ষুদ্র ঋণ এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের ঋণ সহায়তা, বীমা সুবিধা, চিকিৎসা সুবিধা চলমান।

২.১৬ **ব্র্যাক, সাঁথিয়া, পাবনা** : সংস্থাটির প্রতিনিধি জানান যে, মাইক্রোক্রেডিট ঋণ কার্যক্রম, নারী সদস্যদের বিভিন্ন প্রশিক্ষণ, বাল্য বিবাহ নিয়ন্ত্রণ, যক্ষা নিয়ন্ত্রণ. ডেঙ্গু সংক্রান্ত সচেতনা বৃদ্ধি ইত্যাদি চলমান।

২.১৭ **ইছামতি সমাজ কল্যাণ সংস্থা, সাঁথিয়া, পাবনা** : সংস্থাটির প্রতিনিধি জানান যে, বিনামূল্যে নলকূপ বিতরণ কার্যক্রম, মাতৃত্বকালীণ ভাতা প্রদান, মাইক্রোক্রেডিট ঋণ কার্যক্রম, বাংলাদেশ ব্যাংকের সহায়তায় গৃহায়ণ ঋণ কর্মসূচি চলমান।

২.১৮ **সাঁথিয়া ফাউন্ডেশন(এস এফ)** : সংস্থাটির প্রতিনিধি জানান যে, স্বাস্থ্য সেবা, শিক্ষা বৃত্তি, শিক্ষা সহায়তা, ডেঙ্গু বিরোধী সচেতনতা মূলক কার্যক্রম চলমান। তিনি আরো জানান যে, জানুয়ারি/২০২০ মাসে ২৬৩ জনকে স্বাস্থ্য সেবা প্রদান এবং দরিদ্র রোগীকে চিকিৎসা সাহায্য ০২ জনকে ২০০০০.০০ টাকা করে সহায়তা প্রদান করা হয়। এছাড়াও সংস্থার প্রতিনিধি সভায় জানান যে, জানুয়ারি/২০ স্বাস্থ্য সেবায় প্রতি শুক্রবারে বিনা মূল্যে ২৬৩ জনকে স্বাস্থ্য সেবা প্রদান, দরিদ্র মেয়েদের বিবাহ সহায়তা ২জনকে, বিধবা/বয়স্ক/ প্রতিবন্ধি ভাতাবাবদ ০৩ জন করে সহায়তা করা হয়। শীত বস্ত্র (কম্বল) ৫০ জনকে বিতরণ করা হয়। এছাড়াও বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্ট জেলা চ্যাম্পিয়ন দলকে বিভাগীয় পর্যায়ে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য আর্থিক সহায়তা করা হয়। এছাড়াও তিনি আরো জানান যে, সাঁথিয়া উপজেলাধীন রাজাপুরে অবস্থিত রেলওয়ে স্টেশন এর নাম পরিবর্তনের প্রস্তাবের দাবী গত ২৪ জানুয়ারি ২০২০ তারিখে কর্তৃপক্ষ অনুমোদন করেন।

২.১৯ **উদ্দীপন, সাঁথিয়া, পাবনা** : উদ্দীপন সংস্থার প্রতিনিধি জানান যে, গরু মোটাতাজাকরণ কর্মসূচি, বাল্য বিবাহ ও যৌতুক নিরোধ কর্মসূচি, শিশু স্বাস্থ্য সেবা, কিশোরীদের স্বাস্থ্য মেধা ও স্বাস্থ্য সেবা, পুষ্টি ও সামাজিক উন্নয়নে জনসচেতনামূলক ভূমিকা রাখছে, শিক্ষা বৃত্তি কর্মসূচি চলমান।

২.২০ **লেপ্রা বাংলাদেশ, সাঁথিয়া, পাবনা**: সংস্থাটির প্রতিনিধি জানান যে, কুষ্ঠ ও ফাইলেরিয়া রোগীদের স্বাস্থ্য সেবা কর্মসূচি চলমান।

২.২১ **গোপীনাথপুর মহিলা উন্নয়ন সমিতি**, সাঁথিয়া, পাবনা : সংস্থাটির প্রতিনিধি সভায় জানান যে, সেলাই প্রশিক্ষণ কর্মসূচি, বৃক্ষরোপন, মৎস্য চাষ প্রকল্প, ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনা মূলক কর্মসূচি, হাঁস-মুরগী প্রতিপালন প্রকল্প, স্বাস্থ্য , পুষ্টি ও জনসংখ্যা বিষয়ক কর্মসূচি চলমান।

২.২২ **মানব মুক্তি সংস্থা, সাঁথিয়া, পাবনা**: সংস্থাটির প্রতিনিধি সভায় জানান যে, হতদরিদ্র ও দরিদ্র নারী-পুরুষের দারিদ্র বিমোচন এবং টেকসই উন্নয়নের লক্ষ্যে জলবায়ু পরিবর্তনে অভিযেজন সহ দূর্যোগ প্রস্তুতি ও ব্যবস্থাপনা, শিক্ষা কার্যক্রম, আয়-বৃদ্ধিমূলক কার্যক্রম, কৃষি ও পশুপালন, খাদ্য নিরাপত্ত, জরুরীত্রান ও পূনর্বাসন কার্যক্রম,বাল্য বিবাহ প্রতিরোধ, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্চা, জীবন ও জীবিকার মান উন্নয়ন চলমান।

২.২৩ **সৃজনী সমাজ কল্যাণ সংস্থা, সাঁথিয়া, পাবনা**: সংস্থাটির প্রতিনিধি সভায় জানান যে,বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন এর অর্থায়নে ছাগল বিতরণ কর্মসূচি চলমান।

২.২৪ **শাপলা সমাজ উন্নয়ন কেন্দ্র, সাঁথিয়া, পাবনা** : সংস্থাটির প্রতিনিধি সভায় জানান যে, প্রাক-প্রাথমিক শিক্ষা কর্মসূচি, নিরাপদ পানীয় ও স্যানিটেশন কর্মসূচি, মৎস্য চাষ কর্মসূচি, সামাজিক বনায়ন কর্মসূচি, মোটিভেশন কর্মসূচি , নারীর ক্ষমাতায়ন কর্মসূচি, আধুনিক কৃষি চাষ আবাদ কর্মসূচি চলমান।

২.২৪ **আলহাচ্চ খোদেজা আমিন ফাউন্ডেশন(আকাফ)** : সংস্থাটির প্রতিনিধি সভায় জানান যে, পল্লী এলাকায় শিক্ষা বিস্তারে লক্ষ্যে, জ্ঞান ভিত্তিক আধুনিক সমাজ বিনির্মাণের লক্ষ্যে মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মাধ্যমে স্বাস্থ্য সেবা , কম্পিউটার ও অন্যান্য বৃত্তিমূলক প্রশিক্ষিণ প্রদান, মাদক ও বাল্য বিবাহে নিরোধে সভা ও আলোচনা , ফেস্টুন, ব্যানার, পোষ্টার ইত্যাদি মাধ্যমে গণসচেতনা বৃদ্ধি কর্মসূচি চলমান।

২.২৫ **সিদীপ** : সংস্থাটির প্রতিনিধি সভায় জানান যে, যমুনা সমাজ কল্যাণ সমিতি এর প্রতিনিধি জানান যে, সংস্থার নিজস্ব তহবিল দ্বারা বাংলাদেশ ব্যাংক এর কারীগরি সহযোগিতায় ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।

২.২৬ **চাঁদনী** : সংস্থাটির প্রতিনিধি সভায় জানান যে, হাঁস-মুরগী পালন, স্বাস্থ্য ক্যাম্প স্থাপন করে শিশুদের বিনামূল্যে চিকিৎসা কর্মসূচী, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, গবাদী ও পশুপালন , বাল্য বিবাহ নিরোধ কর্মসূচী চলমান।

২.২৭ **যমুনা সমাজ সমাজ কল্যাণ সংস্থা, সাঁথিয়া, পাবনা** : সংস্থাটির প্রতিনিধি সভায় জানান যে, যমুনা সমাজ কল্যাণ সমিতি এর প্রতিনিধি জানান যে, সংস্থার নিজস্ব তহবিল দ্বারা বাংলাদেশ ব্যাংক এর কারীগরি সহযোগিতায় ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।

২.২৮ **দিশা , সাঁথিয়া, পাবনা** : সংস্থাটির প্রতিনিধি সভায় জানান যে, ক্ষুদ্র ঋণ, শিক্ষা কার্যক্রম, স্বাস্থ্য কার্যক্রম, আরোঘর প্রকাশনা, ডি টি টি আই, ডিএলডিপি, বৃত্তি কার্যক্রম ল্যান প্রোগ্রাম, শক্তি কার্যক্রম, কৃষিক্ষেত্রে টেকসই উন্নয়ন ও শিশু সহায়তা হেল্পলাইন ১০৯৮ চলমান।

২.২৯ **বাংলা জার্মান সম্প্রীতি (বিজিএস)** :

সংস্থাটির প্রতিনিধি সভায় জানান যে , ঋণ কর্মসূচির আওতায় ঋণ কর্মসূচির আওতায় ক্ষুদ্র ঋণ , ওয়াটারসেনিট্রেশন, হাসপাতালে ফ্রি চিকিৎসা, যৌতুক বিহীন বিবাহ, সাপ্তাহিক উঠান বৈঠকের মাধ্যমে সচেতনমূলক আলোচনা চলমান।

২.৩০ মুসলিম এইড বাংলাদেশ, সাঁথিয়া, পাবনা :

সংস্থাটির প্রতিনিধি সভায় জানান যে,ক্ষুদ্র ঋণ কর্মসূচিক্ষুদ্র ঋণ কর্মসূচি, ওয়াটসন, হাসপাতালে ফ্রি চিকিৎসা, যৌতুক বিহীন বিবাহ, বৃক্ষরোপন কর্মসূচি চলমান।

২.৩১ আর. আর, এফ, সাঁথিয়া, পাবনা :

সংস্থাটির প্রতিনিধি সভায় জানান যে, জাগরণ, অগ্রসর ও সুফলন চলমান।

৩.০ সভাপতি কর্ম পরিকল্পনা অনুযায়ী এনজিও সকল প্রতিনিধিদের কার্যক্রম বাস্তবায়নের অনুরোধ জানান এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০১/২০২০

(এস এম জামাল আহমেদ )
সভাপতি
উপজেলা মাসিক এনজিও সমন্বয় সভা
ও
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।
ফোন নম্বরঃ ০৭৩২৭-৫৬১০১
ই-মেইলঃ.-unosanthia@mopa.gov.bd

২৭/০১/২০২০

স্মারক নং-০৫.৪৩.৭৬৭২.০০০.২০.০১০.১৯- ১০৬ (৪০) তারিখ : ২৭ জানুয়ারি ২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

০১। জেলা প্রশাসক,পাবনা
০২। উপ-পরিচালক(পাওনি), এনজিও বিষয়ক ব্যুরো
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক),পাবনা
০৪। উপজেলা ------------------------অফিসার, সাঁথিয়া,পাবনা
০৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা। ওয়েব পোর্টালে upload করার জন্য অনুরোধ করা হলো।
০৬। -------------------------------------------, সাঁথিয়া, পাবনা
০৭। অফিস কপি

২৭/০১/২০২০

(মোঃ আয়ুব আলী খান)
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ও
সদস্য-সচিব
উপজেলা মাসিক এনজিও সমন্বয় সভা
সাঁথিয়া, পাবনা

২৭/০১/২০২০.